

ঝুঁকি পরিমাপ কিভাবে করতে হবে?

(How do I carry out a risk assessment?)

যে কোন কর্ম পরিবেশের মধ্যকার উল্লেখযোগ্য বিপদগুলো সনাক্ত করা একটি ঝুঁকি পরিমাপ কাজের মূল বিষয় হতে হবে।

এতে বিদ্যমান ঝুঁকির পরিসীমা কতটুকু, এবং বিদ্যমান সতর্কতামূলক ব্যবস্থা ও এসবের কার্যকারিতার মূল্যায়ন করতে হবে।

একটি বিপদজনক অবস্থা মানে এর ক্ষতি করার ক্ষমতা (এসবের মধ্যে হতে পারে দ্রব্যাদি, বস্তু, কলকজা বা মেশিন, কাজের পদ্ধতি, কাজের পরিবেশ এবং কর্ম কাঠামোর অন্যান্য দিক);

ঝুঁকি হচ্ছে বিপদসম্মূল দিকগুলো বাস্তবে রূপান্তরিত হলে তা থেকে ক্ষয়ক্ষতির সম্ভাব্যতা। ঝুঁকির ব্যক্তি নির্ভর করবেঃ

- ঐ ক্ষতি প্রকৃত পক্ষে ঘটনার সম্ভাব্যতা
- ঐ ক্ষতির সম্ভাব্য তীব্রতা, যেমন, এর ফলে আহত হওয়া বা স্বাস্থ্যগত খারাপ ফল এবং
- এই বিপদের ফলে যে জনগোষ্ঠী ক্ষতিগ্রস্ত হতে পারে, অর্থাৎ কতজন মানুষ এই বিপদজনক অবস্থার সম্মুখীন হতে পারে।

বিনামূল্যে বিতরণযোগ্য প্রকাশনা 'Five steps to risk assessment'-এ এই প্রক্রিয়াকে পাঁচটি পর্যায়ের ভাগ করা হয়েছেঃ

পদক্ষেপ ১ - বিপদগুলোর সনাক্ত করা

আপনি যদি পরিমাপটি নিজে করে থাকেন, তাহলে কাজের এলাকাটি ঘুরে দেখুন, এবং নতুন ভাবে ভেবে দেখুন কোন কোন বিষয়টি ক্ষতির কারণ ঘটাতে পারে বলে যুক্তিগত ভাবে মনে হয়। ছোট খাটো বিষয় অগ্রাহ্য করুন, এবং গুরুতর বিপদগুলো যা মারাত্মক ক্ষতি ঘটাতে পারে বা অনেক মানুষকে বিপদাপন্ন করতে পারে, সে সবার ওপর জোর দিন।

আপনার কর্মীবৃন্দ বা তাঁদের প্রতিনিধিদেরকে জিজ্ঞাসা করুন তাঁরা কি ভাবছেন। তাঁরা হয়ত কিছু লক্ষ্য করেছেন যা তাৎক্ষণিকভাবে দৃশ্যমান নয়। নির্মাতাদের নির্দেশনা বা ডাটাশীটও আপনাকে বিপদগুলো চিহ্নিত করতে এবং ঝুঁকিসমূহকে তাদের সঠিক প্রেক্ষাপটে স্থাপন করতে সহায়ক হতে পারে। একইভাবে, দুর্ঘটনা ও অসুস্থতায় আক্রান্ত হওয়ার খতিয়ানও এব্যাপারে সাহায্য করতে পারে।

পদক্ষেপ ২ - স্থির করুন কে কে ক্ষতিগ্রস্ত হতে পারে, এবং কিভাবে

ভুলে যাবেন নাঃ

অল্পবয়স্ক, শিক্ষানবীস, নতুন কর্মী এবং অসুস্থতা মা, ইত্যাদি বিশেষভাবে ঝুঁকির সম্মুখীন হতে পারেন, ক্লিনার, দর্শনার্থী, ঠিকাদার, মেরামত ও সংরক্ষণকর্মী ইত্যাদি কাজের স্থানে সবসময় থাকেন না, জনসাধারণ বা আপনার কর্মস্থল অন্য যাদের সাথে ব্যবহার করেন, তাঁদেরও আপনার কর্মকান্ডের ফলে আঘাতপ্রাপ্ত হওয়ার সম্ভাবনা আছে কি না।

পদক্ষেপ ৩ - ঝুঁকিগুলোকে মূল্যায়ন করুন ও স্থির করুন বিদ্যমান সতর্কতামূলক ব্যবস্থা যথেষ্ট কি না, অথবা আরো কিছু করা দরকার কি না

ভেবে দেখুন প্রতিটি সম্ভাব্য বিপদ ক্ষতির কারণ ঘটাতে পারে। এর ওপর নির্ভর করবে ঝুঁকি কমাতে আপনার আরও কিছু করা প্রয়োজন আছে কি না।

- বিপদটি থেকে আমি সম্পূর্ণ মুক্ত হতে পারি কি না?
- যদি না হয়, কিভাবে আমি ঝুঁকিগুলোকে নিয়ন্ত্রণ করতে পারি যাতে ক্ষতির সম্ভাব্যতা না থাকে? ঝুঁকি নিয়ন্ত্রণে নীচের নীতিসমূহ প্রয়োগ করুন, সম্ভব হলে একই ধারাক্রমিকভাবে:
 ১. একটি তুলনামূলক কম ঝুঁকিপূর্ণ উপায় গ্রহণ করুন
 ২. বিপদজনক অবস্থানে প্রবেশাধিকার রোধ করুন (যেমন, পাহারার ব্যবস্থা করে)
 ৩. কাজকে এমনভাবে বিন্যস্ত করুন যাতে বিপদের সম্মুখীন হওয়া কমে
 ৪. ব্যক্তিগত সুরক্ষামূলক যন্ত্রপাতি প্রদান করুন
 ৫. কল্যানমূলক সুবিধাদির ব্যবস্থা করুন (যেমন, ময়লা বা জীবানু সংক্রমন ধুয়ে পরিস্কারের সুবিধা এবং প্রাথমিক চিকিৎসা)

পদক্ষেপ ৪ - আপনার প্রাপ্ত তথ্যাদি ও ফলাফল লিপিবদ্ধ করুন

আপনার যদি পাঁচ জনের চেয়ে কম কর্মচারী থাকে তাহলে আপনার কিছু লিখে রাখার প্রয়োজন নেই। কিন্তু যদি আপনি পাঁচ বা এর বেশী লোক নিয়োগ করেন, তাহলে আপনাকে আপনার ঝুঁকি পরিমাপ কাজের গুরুত্বপূর্ণ ফলাফলগুলো অবশ্যই লিখে রাখতে হবে। অর্থাৎ গুরুত্বপূর্ণ বিপদ ও সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করুন। এছাড়াও আপনাকে কর্মীদেরকে আপনার প্রাপ্ত ফলাফল সম্পর্কে বলতে হবে। ঝুঁকি পরিমাপ কাজে অবশ্যই উপযুক্ত ও যথেষ্ট হতে হবে। আপনাকে দেখাতে সক্ষম হতে হবে:

- একটি যথাযথ যাচাই ও নিরীক্ষণ করা হয়েছে
- যারা ক্ষতিগ্রস্ত হতে পারে তাদেরকে জিজ্ঞাসাবাদ করেছেন
- আপনি সকল দৃশ্যমান ও স্পষ্ট বিপদগুলো নিয়ে বিচার বিশ্লেষণ করেছেন, কত সংখ্যক মানুষ ক্ষতিগ্রস্ত হতে পারে তা বিবেচনায় নিয়ে
- সতর্কতামূলক ব্যবস্থাগুলো যুক্তিসংগত, এবং এর বাইরের ঝুঁকিগুলো কম
- ভবিষ্যত নির্দেশনা বা ব্যবহারের জন্য লিখিত রেকর্ড রাখা হয়েছে।

পদক্ষেপ ৫ - আপনার মূল্যায়নকে পূর্ণঃ পর্যালোচনা করুন এবং এটিকে প্রয়োজনবোধে সংশোধন করুন

আজ হোক বা কাল হোক, আপনি নতুন মেশিনপত্র, দ্রব্যাদি ও কর্মপ্রক্রিয়া নিয়ে আসবেন, যা নতুন সম্ভাব্য বিপদজনক অবস্থার সৃষ্টি করতে পারে। যদি কোনো উল্লেখযোগ্য পরিবর্তন ঘটে তাহলে নতুন বিপদগুলোকে বিবেচনায় নেয়ার জন্য ঝুঁকি পরিমাপে যথাযথ সংযোজন করুন। প্রতিটি ছোটখাটো পরিবর্তনের কারণে, বা আরো বলতে গেলে প্রতিটি নতুন কাজের জন্য ঝুঁকি পরিমাপকে পরিবর্তন করবেন না, কিন্তু যদি নতুন কাজটি লক্ষ্যণীয়ভাবে নিজ থেকে নতুন বিপদের সৃষ্টি করে, তাহলে সেগুলোকে তাদের নিজস্ব গুরুত্বের জন্যই আপনাকে বিবেচনা করতে হবে এবং ঝুঁকি কম রাখার জন্য যা করা প্রয়োজন তা করতে হবে। যেটাই হোক, সতর্কতামূলক ব্যবস্থাাদি কার্যকরভাবে বহাল রাখা নিশ্চিত করতে হলে আপনার ঝুঁকি নিরূপন কাজ সময় সময় পর্যালোচনা করা একটি ভাল নিয়ম।

সংশ্লিষ্ট প্রকাশনার মধ্যে রয়েছেঃ

L21, Management of health and safety at work, L21, (ISBN 0717624889 – HSE Books- এ পাওয়া যায়)

HSG183, Five steps to risk assessment : case studies, (ISBN 0717615804 - HSE Books- এ পাওয়া যায়)

- **A guide to risk assessments requirements - ফ্রি তথ্যপত্র**
- **Five steps to risk assessment - ফ্রি তথ্যপত্র**